# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৯৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. দ্বিতীয় অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا نَعَسَ أَحَدُكُمْ يَوْمَ الْجُمُعَةِ فَلْيَتَحَوَّلْ مِنْ مَجْلِسِهِ ذَلِكَ» . رَوَاهُ التِّرْمِذِيّ

## বাংলা

১৩৯৪-[১৪] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ জুমু’আর সালাতের সময় কারো যদি তন্দ্রা পেয়ে বসে তাহলে সে যেন স্থান পরিবর্তন করে বসে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিযী ৫২৬, ইবনু আবী শায়বাহ্ ৫২৫৩, মুসতাদরাক লিল হাকিম ১০৭৫, শারহুস্ সুন্নাহ্ ১০৮৭, সহীহ আল জামি‘ ৮১২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা (إِذَا نَعَسَ) আইন কালিমায় যাবার যোগে বাব نصر থেকে, অর্থ হলোঃ তন্দ্রা ও ঘুমের প্রাথমিক পর্যায় এবং সেটা অতি কোমল হাওয়া, যা মস্তিষ্কে দিক থেকে বয়ে চোখের উপর আবরণ সৃষ্টি করে বা চক্ষু ঢেকে ফেলে এবং এটি অন্তরে পৌঁছে না, যদি অন্তরে পৌঁছে যায় তবে তা ঘুম হয়ে যাবে। যেমন আবূ দাঊদ-এর বর্ণনায় ও আহমাদের (২য় খন্ডের ৩২ পৃষ্ঠায়) বর্ণনায় রয়েছে।

আল্লামা শাওকানী (রহঃ) বলেনঃ এখানে জুমু‘আর দিনের উল্লেখ দ্বারা পূর্ণ দিন উদ্দেশ্য নয় বরং সেটা দ্বারা উদ্দেশ্য হলো যখন মসজিদে জুমু‘আর জন্য অপেক্ষা করবে। যেমন- মুসনাদে আহমাদে (২য় খন্ড, ৩২ পৃষ্ঠা) এ শব্দে রয়েছে-

(إِذَا نَعَسَ أَحَدُكُمْ يَوْمَ الْجُمُعَةِ)

অর্থাৎ যখন তোমাদের কেউ জুমু‘আর দিন মসজিদে তন্দ্রাগ্রস্ত হবে। চাই তাতে খুতবাহ্ অবস্থায় হোক বা তার পূর্বে হোক, তবে খুতবাহ্ অবস্থায় হওয়াটা অধিক যুক্তিযুক্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55954

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন